# SATISH CHANDRA MEMORIAL SCHOOL
## CLASS - IX SUBJECT - BENGALI
## CH- KHEYA WORKSHEET - I

১। রক্তপ্রবাহের মাঝে ফেনাইয়া উঠে" কবির রক্তপ্রবাহের মধ্যে কী ফেনিয়ে ওঠে? (ক) জিঘাংসা (খ) কৌতূহল (গ) ইতিহাসসচেতনতা (ঘ) সাম্রাজ্যের ধ্বংসের ছবি

২। "কত ফুটে আর টুটে"- কার কথা বলা হয়েছে? (ক) সোনার মুদ্রা (খ) সোনার পদক (গ) সোনার মুকুট (ঘ) সোনার কলম

৩। "এই খেয়া চিরদিন চলে _" - (ক) জলস্রোতে (খ) নদীস্রোতে (গ) বায়ুস্রোতে (ঘ) জনস্রোতে

৪। "উঠে কত হলাহল।" - 'হলাহল শব্দের অর্থ- (ক) অমৃত (খ) ওষুধ (গ) পানীয় (ঘ) গরল

৫। "এই খেয়া চিরদিন চলে নদীস্রোত-" পঙক্তিটিতে কবি প্রকৃতপক্ষে যে খেয়ার কথা বলেছেন, তা হল- (ক) জীবনতরী (খ) বাণিজ্যতরী (গ) মানুষ পারাপারের কাজে ব্যবহৃত খেয়া নৌকা
(ঘ) দুরদেশে যাত্রা করার জন্য ব্যবহৃত নৌকা

৬। দুই তীরের দুটি গ্রামের সম্পর্ক হল- (ক) জানাশোনার (খ) রেষারেষির (গ) অপরিচয়ের (ঘ) কোনোটাই নয়

৭। "কেবা জানে নাম", যাদের নাম কেউ জানে কি না বলে কবির সন্দেহ, তারা হল (ক) গ্রামের মধ্যে দিয়ে বয়ে চলা নদী (খ) গ্রামের সাধারণ মানুষজন (গ) নদীর দু পাড়ের দুই গ্রাম (ঘ) খেয়া নৌকাগুলির মাঝিরা

৮। "উঠে কত হলাহল, উঠে কত সুধা!" - 'হলাহল' ও 'সুধা' বলতে কবি বুঝিয়েছেন- (ক) বিষ ও অমৃতকে (খ) সভ্যতার সুফল ও কুফলকে (গ) দুঃখ ও আনন্দকে (ঘ) পরাজয় ও জয়কে

৯। 'খেয়া' কবিতায় 'সভ্যতার নব নব কত তৃষ্ণা ক্ষুধা'- বলতে কবি নির্দেশ করেছেন সভ্যতার (ক) নানাবিধ চাহিদাকে (খ) বিভিন্ন ব্যাধিগুলিকে (গ) অন্ধকারময় দিকগুলিকে (ঘ) গড়ে-ওঠার কারণগুলিকে

১০। 'সোনার মুকুট কত ফুটে আর টুটে' বলতে কবি বুঝিয়েছেন-(ক) রাজশক্তির উত্থান ও পতনকে (খ) কোনো নির্দিষ্ট রাজার অভিষেক ও অপসারণকে (গ) কোনো দেশের গড়ে ওঠা আর বিলোপসাধনকে (ঘ) রাজাদের দম্ভ আর তার চূর্ণ হওয়াকে